



জেলা শিল্পকলা একাডেমি
বাগেরহাট।

স্মারক নং- ৪৩.২০.০১০০.১৯১.০১.০১.২১.৫০

তারিখ: ০১/০৯/২০২২ খ্রি:

বিষয়: ২০২২-২৩ অর্থ বছরে সাংস্কৃতিক প্রতিষ্ঠানের অনুদান প্রদান।

২০২২-২৩ অর্থবছরে সাংস্কৃতিক প্রতিষ্ঠানের অনুদান প্রদান কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে অনুদান প্রত্যাশী প্রতিষ্ঠানের নিকট থেকে নির্ধারিত ফরমে আবেদনপত্র আগামী ৩০/০৯/২০২২ তারিখের মধ্যে ডাকযোগে/সরাসরি জেলা শিল্পকলা একাডেমি, দশানী, বাগেরহাট কার্যালয়ে পাঠাতে হবে। উল্লেখ্য ২০২২-২৩ অর্থবছরে বাজেট সংকুলান না হওয়ায় সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় নতুন অসচ্ছল সংস্কৃতসেবীদের আবেদন আহ্বানের বিজ্ঞপ্তি প্রকাশ করেনি। সুতরাং অসচ্ছল সংস্কৃতসেবীদের আবেদন করার প্রয়োজন নেই।

(ক) সাধারণ নির্দেশাবলী:

- ১। অনুদান প্রত্যাশী সাংস্কৃতিক প্রতিষ্ঠানকে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।
- ২। আবেদন ফরম বিনামূল্যে জেলা শিল্পকলা একাডেমি, দশানী, বাগেরহাট কার্যালয় ও জেলা শিল্পকলা একাডেমি, বাগেরহাটের ওয়েবসাইট (shilpakala. bagerhat.gov.bd)তে পাওয়া যাবে। আবেদন ফরমের ফটোকপি গ্রহণযোগ্য।
- ৩। আবেদন ফরমে নির্ধারিত স্থানে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সুপারিশ/প্রত্যয়ন অবশ্যই থাকতে হবে অন্যথা প্রার্থীর আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে।
- ৪। আবেদনকারী প্রতিষ্ঠান এক অর্থবছরে একবার মাত্র আবেদন করতে পারবেন। একাধিক আবেদন প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।
- ৫। অনুদান পাওয়ার ক্ষেত্রে সাংস্কৃতিক প্রতিষ্ঠান/সেবীদের যোগ্যতা:-

(খ) অনুদান পাওয়ার ক্ষেত্রে সাংস্কৃতিক প্রতিষ্ঠানের ক্ষেত্রে
১। বিবেচ্য প্রতিষ্ঠানসমূহকে অবশ্যই প্রগতিশীল এবং মুক্তিযুদ্ধের চেতনা ও আদর্শে বিশ্বাসী হতে হবে। সুস্থ ও সৃজনশীল সাংস্কৃতিক কর্মকাণ্ডে তাদের সক্রিয় অংশগ্রহণ থাকতে হবে।
২। দেশে নিয়মিত ভাবে সংগীত, নৃত্য, নাটক, চারুকলা বিষয়ক সাংস্কৃতিক কার্যক্রম পরিচালনা করছে এমন প্রতিষ্ঠান অনুদান পাওয়ার যোগ্য হবে।
৩। বিশেষ বিবেচনায় যাত্রাদল, সার্কাসদল, যাদু প্রতিষ্ঠান, পালাগান/আলোকচিত্র, পুতুল নাচ, আবৃত্তি, গম্ভীরা, আলকাপ, জারী, কবিগান ইত্যাদি সাংস্কৃতিক প্রতিষ্ঠানসমূহ এর অন্তর্ভুক্ত হবে।
৪। ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর নিজস্ব শিল্প সংস্কৃতির লালন ও বিকাশ সক্রিয় প্রতিষ্ঠান এর অন্তর্ভুক্ত হবে।
৫। সংস্কৃতির ক্ষেত্রে জাতীয় পর্যায়ে সংস্থার সদস্য হলে তা বিশেষ যোগ্যতা বলে বিবেচিত হবে।
৬। সাংস্কৃতিক প্রতিষ্ঠানের গঠনতন্ত্র এবং সক্রিয় কার্যনির্বাহী কমিটি থাকতে হবে।
৭। সাংস্কৃতিক প্রতিষ্ঠানের নামে একটি নিজস্ব ব্যাংক একাউন্ট থাকতে হবে।

(গ) আবেদনপত্রের আবশ্যিক সংযুক্তি:- (১)রেজিস্ট্রেশন থাকলে এর সত্যায়িত কপি (২)গঠনতন্ত্র (৩)কার্যকরী/কার্যনির্বাহী কমিটি গঠনের কপি (৪)আয়/ব্যয়ের বার্ষিক হিসাব (৫)গত অর্থবছরে মন্ত্রণালয় হতে অনুদান পেয়ে থাকলে মঞ্জুরী আদেশের কপি (৬)গত বছরে প্রাপ্ত অনুদানের অর্থ ব্যয়ের বিবরণ ও অডিট রিপোর্ট এবং আয়োজিত অনুষ্ঠানের আলোকচিত্র/সচিত্র প্রতিবেদন এবং (৭) চেক বইয়ের কভার পেজের ফটোকপি।

বি:দ্র: আবেদন ফরমে আবেদনকারীর ঠিকানার পাশে (প্রতিষ্ঠান প্রধানের) মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।

৬। ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৭। আবেদনপত্র সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েব সাইটে (www.moca.gov.bd) পাওয়া যাবে।

উপরোক্ত নির্দেশাবলী অনুসরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০১/০৯/২২
(মো: রফিকুল ইসলাম)
জেলা কালচারাল অফিসার
বাগেরহাট।

১। উপজেলা নির্বাহী অফিসার

... .., বাগেরহাট।

২। সভাপতি/সম্পাদক/পরিচালক

... .., বাগেরহাট।

স্মারক নং- ৪৩.২০.০১০০.১৯১.০১.০১.২১.

তারিখ: ০১/০৯/২০২২ খ্রি:

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

১। সভাপতি ও জেলা প্রশাসক, জেলা শিল্পকলা একাডেমী, বাগেরহাট।